গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রনালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
বাজেট অধিশাখা

বিষয়ঃ ২০১৯-২০ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি পর্যালোচনার নিমিত্ত বাজেট ব্যবস্থাপনা কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি	: জনাব মোঃ আসাদুল ইসলাম সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ
সভার তারিখ, সময় ও স্থান	: ৩০ এপ্রিল ২০১৯, বেলা ১০ টা, মন্ত্রণালয়ের সভাকক্ষ
উপস্থিত কর্মকর্তার স্বাক্ষর	: পরিশিষ্ট-ক

সভাপতি সকলকে শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে যুগ্ম সচিব ড. মোঃ এনামুল হক বিভিন্ন দপ্তর/প্রতিষ্ঠান থেকে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে স্বাস্থ্য সেবা বিভাগের ২০১৯-২০ এর বার্ষিক কর্মসম্পাদন চুক্তির খসড়া প্রণয়ন করা হয়েছে বলে সভায় অবহিত করেন। মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা ও পরিপত্রের আলোকে এপিত্র এর খসড়ায় সরকারের নির্বাচনী ইশতেহার ২০১৮ এর লক্ষ্য ও পরিকল্পনা, টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি), রূপকল্প-২০২১, ৭ম পঞ্চবার্ষিক পরিকল্পনা, স্বাস্থ্য সেবা বিভাগের ৪র্থ সেক্টর প্রোগ্রাম ও বাজেট কাঠামোতে Key Performance Indicator (KPI) ইত্যাদি বিষয়গুলোকে অগ্রাধিকার ভাবে বিবেচনায় এনে তার প্রতিফলনের চেষ্টা করা হয়েছে।

২। অতিরিক্ত সচিব (হাসপাতাল) জনাব বাবলু কুমার সাহা বলেন, স্বাস্থ্য সেবা বিভাগের সাথে মন্ত্রিপরিষদ বিভাগের এপিএ যেমন গুরুত্বপূর্ণ তেমনি স্বাস্থ্য সেবা বিভাগের সাথে অন্যান্য প্রতিষ্ঠান এবং অন্যান্য প্রতিষ্ঠানের সাথে মাঠ পর্যায়ের প্রতিষ্ঠানের সাথে APA তেমনি গুরুত্বপূর্ণ। বিশেষ করে মাঠ পর্যায়ের প্রতিষ্ঠানের APA বাস্তবায়ন কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্নের উপর মন্ত্রণালয়ের পারফরমেন্স নির্ভর করে। সে কারণে তিনি মাঠ পর্যায়ের স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানের সাথে সংশ্লিষ্ট বিভাগ/সংস্থার APA করার উপর গুরুত্ব আরোপ করেন। তিনি আরো বলেন এই সভায় স্বাস্থ্য অধিদপ্তরের কোন প্রতিনিধি উপস্থিত নেই, অথচ বেশিরভাগ সূচকই তাঁদের সাথে সম্পৃক্ত। এ ধরনের গুরুত্বপূর্ণ সভায় প্রতিনিধি উপস্থিত না থাকায় তিনি দুঃখ প্রকাশ করেন।

৩। ড. মোঃ এনামুল হক খসড়া চুক্তির সর্বিক চিত্র, ২০১৯-২০ এর প্রধান অর্জনসমূহ, আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য, বিভিন্ন তথ্য সূত্র, কৌশলগত উদ্দেশ্যের মান ও সূচকগুলো মাল্টি মিডিয়ার মাধ্যমে সভায় উপস্থাপন করেন। আগত বিভিন্ন সংস্থার প্রতিনিধিবৃন্দ পর্যায়ক্রমে তাঁদের সংস্থা কর্তৃক প্রদত্ত সূচকের উপর মতামত তুলে ধরেন।

৪। যুগ্ম সচিব (বিশ্ব স্বাস্থ্য) জনাব মো. খলিলুর রহমান যে সকল দেশে এপিএ প্রচলিত রয়েছে এবং যেসকল দেশ APA কার্যক্রমে সাফল্য লাভ করেছে তার উল্লেখ করে এপিএ টিম কর্তৃক উক্ত দেশগুলির ২/১ টি দেশের অভিজ্ঞতা গ্রহণ করা যেতে পারে মর্মে সভায় জানান। যুগ্ম সচিব (বাজেট) জানান স্বাস্থ্য সেবা বিভাগের এপিএ টিম কর্তৃক অন্য দেশের এপিএ কার্যক্রম পরিদর্শনের নিমিত্ত ভ্রমন খাতে প্রয়োজনীয় বরাদ্দ রাখা হয়েছে। এ বরাদ্দ দিয়ে অন্ততঃ ১টি টিম (৮/১০ সদস্যের) স্টাডি ট্যুরে পাঠানো যেতে পারে। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত:

ক) মন্ত্রিপরিষদ বিভাগের নিদের্শনা মোতাবেক মাঠ পর্যায়ে সকল প্রতিষ্ঠানের সাথে পর্যায়ক্রমে সংশ্লিষ্ট সংস্থা সমূহকে APA করতে হবে;

খ) মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত নির্দেশিকা অনুসরণে APA লক্ষ্যমাত্রা যথাযথ আছে কিনা তা যাচাই করতে হবে;

গ) পরিকল্পনা অনুবিভাগে মতামতের আলোকে ৫ বছরের কম বয়সী শিশু মৃত্যু হার এবং খর্বাকৃতি শিশুর হারের লক্ষ্যমাত্রা পুন: নির্ধারণ করতে হবে;

ঘ) বরদ্দকৃত অর্থের মধ্যে এপিএ কার্যক্রমের সাথে যে সকল কর্মকর্তা সম্পৃক্ত তাদের সমন্বয়ে ১টি টিমের বিদেশে স্টাডি ট্যুরের উদ্যোগ নেয়া যেতে পারে এবং

ঙ) APA এর খসড়াটি অধীনস্থ সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠানে প্রেরণ করে আগামী ০৫/০৫/২০১৯ তারিখের মধ্যে আবশ্যিকভাবে তাদের মতামত সংগ্রহ করতে হবে।

৫। আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-

(মোঃ আসাদুল ইসলাম)
সচিব
স্বাস্থ্য সেবা বিভাগ

নং ৪৫.১৩৯.০২০.০০.০০.০০১.২০১৮- [illegible]

তারিখঃ ১৫-০৫-২০১৮খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

(ড. মোঃ এনামুল হক)
যুগ্মসচিব
ফোনঃ ৯৫৪৫৯২৭

বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ/পরিকল্পনা কমিশন/বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
২। অতিরিক্ত সচিব (প্রশাসন/উন্নয়ন/হাসপাতাল/নার্সিং ও মিডওয়াইফারী/বিশ্বস্বাস্থ্য ও জনস্বাস্থ্য/আর্থিক ব্যবস্থাপনা ও অডিট/ঔষধ প্রশাসন ও আইন), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৩। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর/স্বাস্থ্য অর্থনীতি ইউনিট/ঔষধ প্রশাসন অধিদপ্তর/নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
৪। প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, ঢাকা।
৫। যুগ্মসচিব (বিশ্বস্বাস্থ্য), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৬। যুগ্মপ্রধান (পরিকল্পনা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৭। উপসচিব (বাজেট-৪), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। উপসচিব (শৃংখলা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৯। চীফ টেকনিক্যাল ম্যানেজার, নিমিউ এন্ড টিসি, মহাখালী, ঢাকা।
১০। ম্যানেজার, টেমো, মহাখালী, ঢাকা।
১১। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সিএজি ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
১২। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সভার কার্যবিবরণী ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
১৩। সহকারী সচিব (সিবিএমই), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

অনুলিপি সদয় অবগতির জন্যঃ

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
২। অতিরিক্ত সচিব (বাজেট) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।